দৈনিক ইত্তেফাক ২

তারিখ ...06 JAN 1990
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৬

## শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করিতে সকল মহলকে আন্তরিক হইতে হইবে
### —শিক্ষামন্ত্রী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (শুক্রবার) আন্তঃ বিশ্ববিদ্যালয় অফিসার্স ফেডারেশনের বার্ষিক সমাবেশে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সন্ত্রাস মুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মহলকে আন্তরিক হওয়ার আহ্বান জানাইয়াছেন। ফেডারেশনের সভাপতি আবু হেনা মুহাম্মদ মোহসীনের সভাপতিত্বে কৃষি গবেষণা কাউ-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

**শিক্ষামন্ত্রী**

ন্সিল মিলনায়তনে অনুষ্ঠিত এই সমাবেশে ঢাকা ভার্সিটির ভিসি প্রফেসর আবদুল মান্নান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। সমাবেশে ৬টি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৪ শতাধিক অফিসার অংশ নেন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, মুক্ত বুদ্ধি চর্চার লক্ষ্যে দেশের উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ সন্ত্রাসমুক্ত থাকা প্রয়োজন। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর উল্লেখ করিয়া মন্ত্রী বলেন, সময়ের চাহিদা অনুযায়ী এই অধ্যাদেশ পরিবর্তনের প্রয়োজন দেখা দিয়াছে। অফিসারদের ২ দফা দাবী প্রসঙ্গ উল্লেখ করিয়া শেখ শহীদ বলেন, এব্যাপারে অবিলম্বে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

বিশেষ অতিথির বক্তৃতায় ভিসি প্রফেসর আবদুল মান্নান বিশ্ববিদ্যালয়সমূহের অফিসারদের বেতন কাঠামো সংশোধনসহ তাঁহাদের যৌক্তিক দাবীসমূহ মানিয়া নেওয়ার আহ্বান জানান।

ফেডারেশনের সাধারণ সম্পাদক আবদুল বারেক মিয়াসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় হইতে আগত অফিসার নেতৃবৃন্দ সমাবেশে বক্তৃতা করেন।